অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল বন্দুক সহিংসতা মহামারী বন্ধে 23.7 মিলিয়ন তহবিল পুরস্কারের কথা ঘোষণা করেছেন

তহবিল বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টাকে সমর্থন করবে যার মধ্যে রয়েছে চাকরির প্রশিক্ষণ এবং চাকরি প্রদান, কমিউনিটি কার্যক্রম এবং বন্দুক সহিংসতা হস্তক্ষেপ প্রোগ্রাম বৃদ্ধি

গভর্নর ক্যাথি হোচুল আজকে একাধিক বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টার জন্য তহবিল ঘোষণা করেছেন, যার মধ্যে রয়েছে চাকরির প্রশিক্ষণ এবং চাকরি প্রদান, কমিউনিটি কার্যক্রম এবং যেসব কমিউনিটিতে বন্দুক সহিংসতা সবচেয়ে বেশি দেখা যাচ্ছে সেখানে হস্তক্ষেপ প্রোগ্রামের লোকবল বৃদ্ধি।

"বন্দুক সহিংসতা এমন একটি ভয়াবহতা যার মধ্যে থাকা কারও প্রাপ্য নয়, কিন্ত তবুও, অনেক নিউ ইয়র্কবাসী এর সম্মুখীন। আমাদের এই মহামারীটি শেষ করার সময় হয়েছে," **গভর্নর হোচুল বলেন।** "আমাদের তরুণদের আশা দিতে হবে এবং তাদের জানাতে হবে যে তাদের জীবন অর্থবহ, যা শুরু হবে চাকরি সৃষ্টি এবং ক্যারিয়ার প্রশিক্ষণের উপলভ্যতা বৃদ্ধির মাধ্যমে, কমিউনিটির সংস্থাগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার মাধ্যমে এবং বন্দুক সহিংসতা হস্তক্ষেপ প্রোগ্রাম জোরদার করার মাধ্যমে।"

গভর্নর হোচুল এবং তার প্রশাসন স্টেটজুড়ে প্রতিটি কমিউনিটির জন্য বন্দুক সহিংসতা প্রতিরোধ তহবিল ব্যবহারের সবচেয়ে কার্যকর পন্থা বের করতে স্থানীয় নেতৃবৃন্দের সাথে কাজ করেছেন। তিনটি বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রোগ্রামের জন্য তহবিল পুরস্কৃত করা হয়েছে।

<u>চাকরি প্রশিক্ষণ এবং চাকরি প্রদান</u>

নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সহিংসতায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত 20টি শহরে কর্মী প্রশিক্ষণ এবং চাকরি প্রদান প্রোগ্রামগুলি পরিচালনা করার জন্য নিউ ইয়র্ক স্থানীয় কর্মীদল উন্নয়ন বোর্ডগুলিকে 16 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। প্রোগ্রামগুলি স্থানীয় নেতৃবৃন্দ কর্তৃক নকশা এবং পর্যালোচনা করা হয়েছে যাতে ঝুঁকিপূর্ণ তরুণদের চাকরির প্রশিক্ষণ, সার্টিফিকেট প্রদান, এবং ক্যারিয়ার প্লেসমেন্ট সেবা এবং সর্বোপরি তাদের ভালো বেতনের, স্থায়ী চাকরির সাথে সংযুক্ত করা যায়। শহরের বন্দুক সহিংসতায় ক্ষতিগ্রস্ত এলাকার বেকার, স্বল্প নিযুক্ত এবং স্কুল থেকে বের হওয়া 18-24 বছর বয়সী তরুণরা যোগ্য হবে। এটি ইতোমধ্যে নিউ ইয়র্ক সিটির তরুণদের জন্য একই

ধরণের প্রোগ্রাম পরিচালনা করার জন্য কনসর্টিয়াম ফর ওয়ার্কার এডুকেশন (Consortium for Worker Education) কে দেওয়া 12 মিলিয়ন মার্কিন ডলারের পাশাপাশি দেওয়া হচ্ছে। আগ্রহী তরুণেরা এই প্রোগ্রামগুলি সম্পর্কে আরও জানতে এবং যুক্ত হতে পারবে এখানে।

কমিউনিটি কার্যক্রম

নিউ ইয়র্ক উচ্চ বন্দুক সহিংসতা সম্পন্ন কমিউনিটিগুলিতে খেলাধুলা, শিল্প এবং নাগরিক অংশগ্রহণ, দক্ষতা তৈরি, এবং বিনোদনমূলক প্রোগ্রামের জন্য 5.7 মিলিয়ন তহবিল ঘোষণা করেছে। স্কুলের শেষে এবং সপ্তাহান্তের এই প্রোগ্রামগুলি তরুণদের তাদের নিজস্ব কমিউনিটিতে নিরাপদ এবং সমৃদ্ধকারী কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ দেবে যেগুলি প্রতিটি কমিউনিটির বিধানসভার নেতৃবৃন্দ কর্তৃক সুপারিশ করা হয়েছিল।

কমিউনিটি ভিত্তিক বন্দুক সহিংসতা হস্তক্ষেপ সংস্থাগুলির জন্য বাড়তি কর্মী নিয়োগ

নিউ ইয়র্ক স্টেট জুড়ে বন্দুক সহিংসতা হস্তক্ষেপ প্রোগ্রামগুলিকে 39 জন নতুন স্ট্রিট আউটরিচ কর্মী এবং সহিংসতায় হস্তক্ষেপকারী নিয়োগ এবং প্রশিক্ষণের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পুরস্কৃত করেছে। এই তহবিল সফল কমিউনিটি ভিত্তিক সহিংসতা হস্তক্ষেপ প্রোগ্রামগুলিকে তাদের নির্ভরযোগ্য বার্তাবাহক কর্মীদের সংখ্যা বৃদ্ধির সুযোগ দেবে যারা ঝুঁকিতে থাকা তরুণদের সাথে যোগাযোগ করেন এবং তাদের দিক নির্দেশনা প্রদান করেন, কমিউনিটিতে অনুষ্ঠান আয়োজন করেন এবং প্রতিশোধমূলক সহিংসতা ঠেকাতে বন্দুক সহিংসতার পর সাড়া দেন। আগামী সপ্তাহগুলিতে নতুন আউটরিচ কর্মী এবং সহিংসতায় হস্তক্ষেপকারী নিয়োগ এবং প্রশিক্ষণের জন্য বাড়তি তহবিল ঘোষণা করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন